



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বি এল কলেজ, খুলনা
Web site: www.blcollege.edu.bd

দূরলাপনী : ৭৬২৯৪৪
ফ্যাক্স : ০৪১-২৮৫০৩৭০
e-mail: infoblcollege@gmail.com
infoblcollege@yahoo.com



২০১৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি

২০১৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষা ০৩/০৪/২০১৬ তারিখ রবিবার হতে অনুষ্ঠিত হবে।

১. ২০১১-২০১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক (দ্বাদশ) শ্রেণির ছাত্র-ছাত্রীদেরকে আগামী ১২/১২/২০১৫ তারিখের মধ্যে কেন্দ্রীয় লাইব্রেরি থেকে ছাড়পত্র (ক্রিয়ারেন্স) গ্রহণ এবং দ্বাদশ শ্রেণির ভর্তির রশিদ দেখিয়ে কলেজ অফিস থেকে পরীক্ষার আবেদন ফরম গ্রহণ করতে হবে। ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ ব্যতীত পরীক্ষার আবেদন ফরম পূরণের অনুমতি দেয়া হবে না।

২. আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ (জরিমানা ছাড়া) :

শাখা	প্রকার	জমাদানের তারিখ	সময় ও স্থান
বিজ্ঞান	নিয়মিত	১৩.১২.২০১৫ খ্রি.	সকাল ১০ টা থেকে ব্যবসায় প্রশাসন ভবনের ৩য় তলা থেকে যাচাই পূর্বক প্রশাসনিক ভবনে
ব্যবসায় শিক্ষা	নিয়মিত	১৪.১২.২০১৫ খ্রি.	
মানবিক	নিয়মিত	১৫.১২.২০১৫ খ্রি.	
সকল শাখা	অনিয়মিত/জিপিএ উন্নয়ন ও এক/দুই বিষয়	১৭.১২.২০১৫ খ্রি.	

৩. ফিসাদি : নিয়মিত : বিজ্ঞান = ২,১৪৫/-, ব্যবসায় শিক্ষা = ১,৮৮৫/-, মানবিক = ১,৭৫৫/- টাকা
মানবিক শাখায় ব্যবহারিক না থাকলে = ১,৭২৫/-, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের অতিরিক্ত ১০০/- টাকা প্রদান করতে হবে।

১ বিষয়ের পরীক্ষার্থীদের জন্য

- ক) ১ বিষয়সহ ব্যবহারিক থাকলে = ৮১০.০০
১ বিষয়সহ ব্যবহারিক না থাকলে = ৬৮০.০০

২ বিষয়ের পরীক্ষার্থীদের জন্য

- খ) ২ বিষয়সহ ব্যবহারিক থাকলে = ১,১০০.০০
২ বিষয়সহ ১টি ব্যবহারিক থাকলে = ৯৭০.০০
২ বিষয়সহ ব্যবহারিক না থাকলে = ৮৪০.০০

৪. ১০০/- টাকা বিলম্ব ফিসহ (সকল শাখা) ফরম পূরণের তারিখ : ২২.১২.২০১৫ খ্রি.
৫. নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ যে সকল ছাত্র-ছাত্রী দ্বাদশ শ্রেণিতে ভর্তি হয়নি এবং অনিয়মিত পরীক্ষার্থীদের পুনঃভর্তি বাবদ ছাত্র-ছাত্রীদের ১,৫০০/- টাকা ফি পরিশোধ পূর্বক দ্বাদশ শ্রেণিতে ভর্তি হতে হবে।
৬. পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা :
- ক) ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের নিবন্ধনধারী শিক্ষার্থীরা ২০১৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে।
- খ) ২০১১-২০১২, ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের নিবন্ধনধারী শিক্ষার্থীদের মধ্যে যারা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- গ) অকৃতকার্য পরীক্ষার্থীদের পূর্ববর্তী বছরের প্রবেশপত্রে উল্লিখিত বিষয়সমূহ কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না।
৭. বিশেষ পরীক্ষার্থী (এক/ দুই) বিষয় : ২০১৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে যারা এক/দুই বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে তারা এক/ দুই বিষয়ে ২০১৬ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে ইচ্ছা করলে তারা সকল বিষয়েই অংশগ্রহণ করতে পারবে।
৮. জিপিএ উন্নয়ন : ২০১৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে যে সব পরীক্ষার্থী উত্তীর্ণ কিন্তু জিপিএ ৫.০০ এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য ২০১৬ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ৯। আবেদন ফরম জমাদানের নিয়মাবলী :
- (ক) আবেদন ফরমের সাথে ১ কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি এবং এস. এস. সি/ সমমান পরীক্ষায় পাসের নম্বরপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- (খ) যে সকল ছাত্র-ছাত্রী ছাড়পত্র (টি. সি) এর মাধ্যমে এ কলেজে ভর্তি হয়েছে তাদেরকে আবেদন ফরমের সাথে ছাড়পত্রের কপি সংযুক্ত করতে হবে এবং পূর্বে ভর্তিকৃত কলেজ হতে রেজিস্ট্রেশন নম্বর সংগ্রহ করে প্রিন্ট কপি সংযোজন করতে হবে।
- (গ) অনিয়মিত/ অকৃতকার্য/ জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের পূর্বের রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- (ঘ) ছাত্র-ছাত্রীদেরকে ফরম পূরণের চূড়ান্ত বিবরণীতে স্বাক্ষর করার তারিখ পরবর্তীতে কলেজ অফিস থেকে জেনে নিতে হবে।

(প্রফেসর শুলশান আরা বেগম)

অধ্যক্ষ

সরকারি বি এল কলেজ, খুলনা